

**বঙ্গবন্ধু সামরিক জাদুঘরে প্রদর্শনের জন্য নৌবাহিনী সংক্রান্ত  
ঐতিহাসিক জিনিসপত্র চাচ্ছে নৌবাহিনী**

রাজধানীর ঢাকায় বিজয় সরণী এলাকায় নির্মাণাধীন ‘বঙ্গবন্ধু সামরিক জাদুঘরে’ নৌবাহিনীর অংশে প্রদর্শনের জন্য নৌ ইতিহাস (Maritime History) এবং বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের নৌ অপারেশান্স সংক্রান্ত ঐতিহাসিক জিনিসপত্র (Artifacts), ছবি, অঙ্কন ও নথিপত্র সংগ্রহ করা হচ্ছে। উক্ত জাদুঘরকে সমৃদ্ধ করণে ব্যক্তি/ প্রাতিষ্ঠানিক পর্যায়ে সংরক্ষিত এ জাতীয় দ্রব্যসামগ্রী ও নথিপত্র প্রদানে আগ্রহী ব্যক্তিবর্গকে নিম্নে প্রদত্ত ঠিকানায় যোগাযোগের জন্য বিনীত অনুরোধ করা হলো। দ্রব্যাদি প্রদানকৃত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম জাদুঘরে সংরক্ষণ করা হবে।

যোগাযোগের ঠিকানাঃ নৌবাহিনী সদর দপ্তর/ নৌবাহিনী পর্ষদ, বঙ্গবন্ধু সামরিক জাদুঘর, টেলিফোন নং -৯৮৩৬৩১৪, মোবাইল নং - ০১৭৬৯-৭০৫০৮৭, ০১৭৬৯-৭০৫০৮০ ।